গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৪৫.১৬-৫২

তারিখঃ ৪ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০১৬ খ্রিষ্টাব্দ

**পিইসি সভার বিজ্ঞপ্তি**

বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত "ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অফ গজারিয়া ৩৫০(±১০%) মেঃ ওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্লান্ট"-শীর্ষক প্রকল্পের ওপর **প্রকল্প মূল্যায়ণ কমিটি (পিইসি)'র সভা** আগামী ২৫/০৪/২০১৬ তারিখ সোমবার সকাল ১১-০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসংগে প্রেরণ করা হলো।

১৭/৪/১৬
(মোঃ আশরাফুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ জনাব সিরাজুন নুর চৌধুরী, উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল), বাড়ী নং-১৯, রোড-১/বি, সেক্টর-৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

**অবগতির জন্য অনুলিপিঃ**

১। সিনিয়র সহকারী সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
(২৫ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ পিইসি সভার জন্য কার্যপত্র

**১। প্রকল্পের নামঃ** ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড ল্যান্ড ডেভেলপমেন্ট ফর ইমপ্লিমেন্টেশন অফ গজারিয়া ৩৫০(±১০%) মেঃ ওঃ কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্লান্ট।

**২। উদ্যোগী মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থাঃ**

**(ক) উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়ঃ** বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ।

**(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ** রুরাল পাওয়ার কোম্পানী লিঃ (আরপিসিএল)।

**৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ** (কোটি টাকায়)

| জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব | মোট |
|---|---|---|---|
| ৪৫৭.২৫৪০ | - | ৪৬.৯৭৮৮ | ৫০৪.২৩২৮ |

**৪। প্রকল্পের বাস্তবায়নকালঃ** জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৮ পর্যন্ত।

**৫। প্রকল্পের অর্থায়নঃ** (কোটি টাকায়)

| অর্থায়নের প্রকৃতি | জিওবি | সংস্থার নিজস্ব | প্রকল্প সাহায্য | মোট | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (ক) ঋণ | ৪৫৭.২৫৪০ | - | - | ৪৫৭.২৫৪০ | - |
| (খ) অনুদান | - | - | - | - | |
| (গ) ইকুইটি | - | - | - | - | |
| (ঘ) অন্যান্য | - | ৪৬.৯৭৮৮ | - | ৪৬.৯৭৮৮ | |
| মোট | ৪৫৭.২৫৪০ | ৪৬.৯৭৮৮ | - | ৫০৪.২৩২৮ | |

**৬। এডিপিতে অন্তর্ভুক্তিঃ**

প্রস্তাবিত প্রকল্পটি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত নেই এবং ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপিতে অন্তর্ভুক্তির জন্যও প্রস্তাব করা হয়নি। প্রকল্পটি প্রক্রিয়াকরণের পূর্বে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদন নেয়া হয়েছে।

**৭। প্রকল্প এলাকাঃ** মৌজাঃ ষোলআনী ও দৌলতপুর, ইউনিয়নঃ ইমামপুর, উপজেলাঃ গজারিয়া, জেলাঃ মুন্সিগঞ্জ, বিভাগঃ ঢাকা।

**৮। প্রকল্পের উদ্দেশ্যঃ**

আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে আরপিসিএল কর্তৃক মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় স্থাপিতব্য ৩৫০(±১০%) মেঃওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সহায়ক অবকাঠামো তৈরী করা।

**৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

সরকারের মধ্য ও দীর্ঘমেয়াদী বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি কর্মসূচির অংশ হিসাবে আরপিসিএল মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় একটি ৩৫০ (±১০%) মেঃ ওঃ ক্ষমতার কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করেছে। বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের মাধ্যমে মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলাধীন ইমামপুর ইউনিয়নের ষোলআনী ও দৌলতপুর মৌজায় ৩৫০.২২ একর ভূমি চিহ্নিত করা হয়েছে। নির্বাচিত স্থানটি মেঘনা নদীর তীরে অবস্থিত। বিদ্যুৎ বিভাগের প্রশাসনিক অনুমোদন ক্রমে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ বরাবর ভূমি অধিগ্রহন প্রস্তাব জমা দেয়া হয়েছে।

মূল প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ভূমি অধিগ্রহন অত্যাবশ্যক। প্রকল্প বাস্তবায়নের পূর্ব কাজ হিসাবে ভূমি অধিগ্রহন, ভূমি উন্নয়ন, উন্নয়নকৃত ভূমি রক্ষার জন্য চতুর্দিকে বাঁধনির্মাণ ও সুরক্ষা কাজ এই প্রকল্পের অর্ন্তভূক্ত। এছাড়া বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কাজে বৈদ্যুতিক সুবিধাদি স্থাপন, প্রকল্পের কাজে ব্যবহারের জন্য যানবাহন এবং পরামর্শক ব্যয় প্রস্তাবিত প্রকল্পে অন্তর্ভূক্ত রয়েছে।

এ প্রকল্প বাস্তবায়ন হলে তা মূল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প অর্থ্যাৎ ৩৫০(±১০%) মেঃওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে।

**১০। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ**

প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রম (ডিপিপি পৃঃ-১১):

- প্রস্তাবিত গজারিয়া ৩৫০(±১০%) মেঃওঃ কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ;
- অধিগ্রহনকৃত ভূমি উন্নয়ন;
- ভূমির সুরক্ষা এবং বাঁধ নির্মাণ;
- বিদ্যুৎ কেন্দ্র নির্মানের জন্য বৈদ্যুতিক সুবিধা স্থাপন;
- প্রকল্পের জন্য যানবাহন ক্রয়; এবং
- ভূমি উন্নয়ন কাজের জন্য পরামর্শক নিয়োগ।

**১১। প্রকল্পের আয় ব্যয় বিশ্লেষণ (লাভজনক/অলাভজনক) (ডিপিপি পৃঃ ৯)**

আলোচ্য প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষন এই মহূর্তে করা সম্ভব নয় মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে।

**১২। পরিকল্পনা কমিশনের মতামতঃ**

১২.১ জমি অধিগ্রহণসহ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য একত্রে একক প্রকল্প গ্রহণ না করে শুধু জমি অধিগ্রহণের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করার যৌক্তিকতা সভাকে অবহিত করা যেতে পারে।

১২.২ প্রকল্পের আওতায় মাত্র ৩৫০ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যুৎ প্লান্ট স্থাপনকল্পে ৩৫০.২২ একর জমি অধিগ্রহণের যৌক্তিকতা সভাকে অবহিত করা যায়। প্রস্তাবিত জমির প্রকৃতি কী তাও সভায় অবহিত করা যায়। কৃষি জমি অধিগ্রহণ না করা যৌক্তিক হবে বলে প্রতীয়মান হয়।

১২.৩ প্রকল্পের উদ্দেশ্যে যা বর্ণনা দেয়া হয়েছে তা মূলতঃ প্রকল্পের Activities। মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় যে ৩৫০(±১০%) মেঃ ওঃ ক্ষমতা সম্পন্ন কোল ফায়ার্ড থারমাল পাওয়ার প্লান্ট নির্মাণ করা হবে তার সহায়ক অবকাঠামো তৈরী করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য বলে প্রতীয়মান হয়। প্রকল্পের উদ্দেশ্য সে অনুযায়ী পুনর্গঠন করা যেতে পারে।

১২.৪ আলোচ্য প্রকল্পে Resettlement and Rehabilitation বাবদ ৩৮৪.৪৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি কি তা সভায় জানা যেতে পারে। অধিকন্তু ডিপিপি'র ২৭ নং অনুচ্ছেদ এ Resettlement/Rehabilitation বিপরীতে "প্রযোজ্য নয়" মর্মে উল্লেখ করা হয়েছে যা সভায় স্পষ্টিকরণ করা যেতে পারে।

১২.৫ আলোচ্য প্রকল্পের জিওবি হতে ঋণ বাবদ ৪৫৭.২৫৪০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। RPCL কর্তৃক গৃহীতব্য এ ঋণ পরিশোধের ক্ষেত্রে সুদের হারের (৩%) স্বপক্ষে অর্থ বিভাগের পত্র সংযুক্ত থাকা বাঞ্ছনীয়।

১২.৬ অফিস ভাড়া বাবদ প্রস্তাবিত ১২ লক্ষ টাকার বিপরীতে অফিসের জায়গার আনুমানিক পরিমাণ উল্লেখ করা সমীচীন। অনুরুপভাবে ভাড়াচুক্তির ভিত্তিতে প্রস্তাবিত মাইক্রোবাস এর নূন্যতম Spefication ডিপিপিতে উল্লেখ করা প্রয়োজন এবং যৌক্তিকতা জানা প্রয়োজন।

১২.৭ প্রস্তাবিত জনবলের (১৪ জন) কোন কোন পদ কিভাবে নিয়োগ করা হবে তা সুস্পষ্টভাবে ডিপিপি'তে উল্লেখ করতে হবে। প্রকল্প সমাপান্তে এ সকল জনবলের বিষয়েও ডিপিপিতে তথ্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।

১২.৮ ডিপিপির ৮৬ পৃষ্ঠায় "Draft Report on Consulting Service on Coal Sourcing Handling and Transformation of 2x660 MW in Khulna Coal Based Thermal Power Plant" এর সংযোজনের যৌক্তিকতা সম্পর্কে সভাকে অবহিত করা যেতে পারে।

১২.৯ পরামর্শক খাতে ১৪০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। পরামর্শক খাতে এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও প্রয়োজনীয়তা বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে। পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে পরামর্শকের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও TOR ডিপিপিতে সংযুক্ত করা যেতে পারে।

১২.১০ প্রকল্পের ২৪ নং অনুচ্ছেদে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে আলোচ্য প্রকল্পের সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যের সম্পৃক্ততার কথা উল্লেখ করা হয়নি, যা উল্লেখ করা প্রয়োজন।

(মোঃ খলিলুর রহমান খান)
যুগ্ম-প্রধান

সংলগ্নী-ক

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৪):

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | আইটেম | পরিমাণ | প্রাক্কলিতব্যয় | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | জিওবি | আরপিসিএল | প্রকল্প সাহায্য | মোট |
| ক) রাজস্ব খাতঃ | | | | | | |
| ১. | কর্মকর্তাদের বেতন | ৮ জন | ০.০০ | ১৩৩.৯৭ | ০.০০ | ১৩৩.৯৭ |
| ২. | কর্মচারীদের বেতন | ৬ জন | ০.০০ | ৩১.৫৮ | ০.০০ | ৩১.৫৮ |
| ৩. | ভাতাদি | ১৪ জন | ০.০০ | ১৭৬.৫৫ | ০.০০ | ১৭৬.৫৫ |
| ৪. | সরবরাহ সেবা | থোক | ০.০০ | ৪০.৫০ | ০.০০ | ৪০.৫০ |
| ৫. | অফিস ভাড়া | ২১ মাস | ০.০০ | ১২.০০ | ০.০০ | ১২.০০ |
| | যানবাহন (০১ টি মাইক্রোবাস) | ২১ মাস | ০.০০ | ২৪.০০ | ০.০০ | ২৪.০০ |
| ৬. | মেরামত ও সংরক্ষণ | থোক | ০.০০ | ৫.০০ | ০.০০ | ৫.০০ |
| মোট রাজস্ব ব্যয়ঃ | | - | ০.০০ | ৪২৩.৬০ | ০.০০ | ৪২৩.৬০ |
| (খ) মূলধন ব্যয়ঃ | | | | | | |
| ৭. | পরামর্শক ব্যয় | থোক | ০.০০ | ১৪০.০০ | ০.০০ | ১৪০.০০ |
| ৮. | যানবাহন (০১ টি পিক আপ ও ০২ টি মোটর সাইকেল) | ৩ টি | ০.০০ | ৬৪.০০ | ০.০০ | ৬৪.০০ |
| ৯. | ৩৩ কেভি লাইন এবং ৩৩/১১ কেভি এমভিএ বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ | থোক | ৮৯৬.০০ | ০.০০ | ০.০০ | ৮৯৬.০০ |
| ১০ | ভুমি অধিগ্রহণ | ৩৫০.২২ একর | ১৭,০৪৯.৩৫ | ০.০০ | ০.০০ | ১৭,০৪৯.৩৫ |
| ১১ | পুর্নবাসন | ১৭ টি | ৩৮৪.৪৬ | ০.০০ | ০.০০ | ৩৮৪.৪৬ |
| ১২ | ভুমি উন্নয়ন | ৬৪৩২৪৮৭ ঘন·মি. | ১১,৭৭১.৪৫ | ০.০০ | ০.০০ | ১১,৭৭১.৪৫ |
| ১৩ | বাঁধ নির্মাণ | ৭৩০১ মি. | ২৪৮২.৩৪ | ০.০০ | ০.০০ | ২৪৮২.৩৪ |
| ১৪ | আর্থ প্রটেকশন | ৭৩০১ মি. | ১৩,১৪১.৮০ | ০.০০ | ০.০০ | ১৩,১৪১.৮০ |
| ১৫ | নির্মাণ কালীন সূদ | ৩% | ০.০০ | ২২৩৩.১০ | ০.০০ | ২২৩৩.১০ |
| মোট মূলধন ব্যয়ঃ | | - | ৪৫৭২৫.৪০ | ২৪৩৭.১০ | ০.০০ | ৪৮১৬২.৫০ |
| গ) ফিজিক্যাল কন্টিজেন্সি | | ২% | ০.০০ | ৯১৮.৫৯ | ০.০০ | ৯১৮.৫৯ |
| ঘ) মূল্যবৃদ্ধি জনিত ব্যয় | | ২% | ০.০০ | ৯১৮.৫৯ | ০.০০ | ৯১৮.৫৯ |
| মোট ব্যয় (ক+খ+গ+ঘ): | | - | ৪৫৭২৫.৪০ | ৪৬৯৭.৮৮ | ০.০০ | ৫০৪২৩.২৮ |